

Subject : Bengali Grammar

Date : 29.04.2020

Topic : ভাষা, লিঙ্গ ও অনুচ্ছেদ লিখন।

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) উঃ মানুষের মুখের অর্থপূর্ণ কথাকেই ভাষা বলে।

খ) উঃ বাংলা ভাষার উপভাষাগুলির নাম হল — রাঢ়ী, বঙ্গালী, বরেন্দ্রী, ঝাড়খন্ডী ও কামরূপী।

গ) উঃ ভাষাকে দুই ভাগে ভাগ করা যায় — লেখ্য ভাষা ও কথ্য ভাষা।

ঘ) উঃ লেখ্য ভাষার দুটি ভাগ — সাধু ভাষা ও চলিত ভাষা।

ঙ) উঃ ভাষার সাহায্যে মানুষ তার মনের ভাব প্রকাশ করে।

২) স্ত্রীলিঙ্গ থেকে পুংলিঙ্গে পরিবর্তন করো।

স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ
ক) মহাশয়া	মহাশয়
খ) মা	বাবা
গ) বোন	ভাই
ঘ) প্রথমা	প্রথম
ঙ) পাত্রী	পাত্র
চ) পূজনীয়া	পূজনীয়

৩) নীচে দেওয়া বিভিন্ন প্রকারের লিঙ্গগুলির প্রত্যেকটির দুটি করে উদাহরণ লেখ।

ক) ক্লীবলিঙ্গ — ফুল, টেবিল।

খ) স্ত্রীলিঙ্গ — কাকি, দাসী।

গ) উভয়লিঙ্গ — সভাপতি, ডাক্তার।

ঘ) পুংলিঙ্গ — ধোপা, প্রাচীন।

৪) বন্ধনী থেকে সঠিক শব্দটি নিয়ে শূন্যস্থানে লেখ।

ক) বর - কনে (বরা / কনে)।

খ) কপোত - কপোতী (কপোতী/ কপোতানি)।

গ) শিক্ষক - শিক্ষিকা (লেডি শিক্ষক / শিক্ষিকা)।

ঘ) গোলাম - বাঁদি (বাঁদি/ গোলামী)।

৫) অনুচ্ছেদ লেখ : গ্রীষ্মকাল (৬ - ৮টি বাক্য)

বৈশাখ ও জ্যৈষ্ঠ এই দুই মাস নিয়ে হয় গ্রীষ্মকাল। এই সময় দিন বড় ও রাত ছোট হয়। সূর্যের তাপ খুব প্রখর হয়। নদী, নালা, খাল, বিল, পুকুর, ডোবা সব শুকিয়ে যায়। ফলে চারদিকে জলের অভাব দেখা দেয়। আম, জাম, কাঁঠাল, লিচু, তরমুজ ইত্যাদি সুস্বাদু ফল পাওয়া যায়। বেল, জুঁই, চাঁপা, রজনীগন্ধা প্রভৃতি ফুল এই সময়ই ফোটে। গ্রীষ্মকালে নববর্ষ, রবীন্দ্রজয়ন্তী ইত্যাদি উৎসব পালিত হয়।